

১২ ক্যাডেট কলেজের ৫৮৯ শিক্ষার্থীর ৫৮৭ জনই পেলেন জিপিএ ৫

অনলাইন ডেক্স



ছবি : বাংলাদেশ আর্মি।

২০২৫ সালের উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট (এইচএসসি) পরীক্ষায়

দেশের ১২টি ক্যাডেট কলেজ থেকে অংশ নেওয়া ৫৮৯ জন

শিক্ষার্থীর মধ্যে ৫৮৭ জনই জিপিএ ৫ পেয়ে উন্নীর্ণ হয়েছে। এ

বছর পাসের হার শতভাগ এবং জিপিএ ৫ প্রাপ্তির হার ৯৯.৬৬

শতাংশ। বিগত ২০২৪ সালেও এইচএসসি পরীক্ষায় ১২টি

ক্যাডেট কলেজের জিপিএ ৫ প্রাপ্তির হার ছিল ৯৯.৬৬%।

বৃহস্পতিবার (১৬ অক্টোবর) বাংলাদেশ সেনাবাহিনীর অফিশিয়াল

ফেসবুকে পেজে এক সংবাদ বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়।

বিজ্ঞপ্তিতে বলা হয়, ‘ক্যাডেট কলেজের ক্যাডেটদের ধারাবাহিক

সাফল্যের পেছনে রয়েছে ক্যাডেট কলেজের আভ্যন্তরীণ সু-শৃঙ্খল

পরিবেশ, ক্যাডেটবৃন্দের অধ্যবসায়, নিয়মিত পড়াশোনা এবং

আন্তরিক প্রচেষ্টা। ক্যাডেট কলেজ পরিচালনা পরিষদের সুষ্ঠু

দিকনির্দেশনা, ক্যাডেট কলেজসমূহের অভিজ্ঞ ও যোগ্যতাসম্পন্ন
অধ্যক্ষ, উপাধ্যক্ষ, অনুষদ সদস্যবৃন্দ, কর্মকর্তাবৃন্দ, কলেজে
কর্মরত সব শ্রেণির ব্যক্তিবর্গের ঐকান্তিক প্রচেষ্টা এবং সম্মানিত
অভিভাবকবৃন্দের সহযোগিতায় এই সাফল্যজনক ফলাফল অর্জন
সম্ভব হয়েছে।'

আজ সকাল ১০টায় স্ব-স্ব প্রতিষ্ঠান এবং অনলাইনে একযোগে
ফল প্রকাশিত হয়েছে। ২০২৫ সালের এইচএসসি ও সমমান
পরীক্ষায় ৯টি সাধারণ শিক্ষা বোর্ড এবং মাদ্রাসা ও কারিগরি বোর্ড
মিলিয়ে ১১টি শিক্ষা বোর্ডে পাস করেছেন মোট ৭ লাখ ২৬ হাজার
৯৬০ জন শিক্ষার্থী।

শিক্ষা মন্ত্রণালয় সূত্রে জানা গেছে, এবার ৯টি সাধারণ শিক্ষা বোর্ড,
মাদ্রাসা ও কারিগরি শিক্ষা বোর্ড মিলিয়ে পাসের হার ৫৮.৮৩
শতাংশ। গত বছর ১১টি বোর্ডে গড় পাসের হার ছিল ৭৭.৭৮
শতাংশ। এবার পাসের হার কমেছে ১৮.৯৫ শতাংশ।

বাংলাদেশের ক্যাডেট কলেজসমূহ প্রতিরক্ষা মন্ত্রণালয়ের অধীনে
বাংলাদেশ সেনাবাহিনীর অ্যাডজুট্যান্ট জেনারেল এবং ক্যাডেট
কলেজ পরিচালনা পরিষদের সভাপতির তত্ত্বাবধানে পরিচালিত
আবাসিক শিক্ষা প্রতিষ্ঠান।

দেশের ক্যাডেট কলেজগুলো হলো ফৌজদারহাট ক্যাডেট কলেজ,
বিনাইদহ ক্যাডেট কলেজ, মির্জাপুর ক্যাডেট কলেজ, রাজশাহী
ক্যাডেট কলেজ, সিলেট ক্যাডেট কলেজ, রংপুর ক্যাডেট কলেজ,
বরিশাল ক্যাডেট কলেজ, পাবনা ক্যাডেট কলেজ, ময়মনসিংহ
গার্লস ক্যাডেট কলেজ, কুমিল্লা ক্যাডেট কলেজ, ফেনী গার্লস
ক্যাডেট কলেজ এবং জয়পুরহাট গার্লস ক্যাডেট কলেজ।